




বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/ Fax-8189029

স্মারক নংঃ ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭৭৬.১৪- ২০২৭

তারিখঃ ২২/২/২০১৫ খ্রিস্টাব্দ।

বিষয় : মাঠ পর্যায়ে কার্যক্রম জোরদারকরণ এবং হস্তমজুদ/ অর্থ আত্মসাৎ রোধ

বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত)” শীর্ষক প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রীর অধীকারপ্রাপ্ত নারীর ক্ষমতায়ন, পল্লী উন্নয়ন ও দরিদ্র বিমোচন প্রকল্প। প্রকল্পের আওতায় গ্রামীন দরিদ্র মহিলাদের সংগঠিত করে তাদের নিজস্ব পুর্জি গঠন, প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষণোত্তর সহায়তার (ঋণ) মাধ্যমে আত্মকর্মসংস্থান সৃষ্টিতে যুগান্তকারী পদক্ষেপ রেখে চলেছে। সুফলভোগীদের সঞ্চয় জমা ও ঋণ কার্যক্রমের তথ্য সংরক্ষণ করতে আবশ্যিকভাবে সদস্য পাশবহি ও সাপ্তাহিক আদায় শীট (WCS) ব্যবহার এবং সময়ে সময়ে প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন অফিসার কর্তৃক উহা যাচাই করার জন্য ইতিপূর্বে নির্দেশনা প্রদান করা হয়; কিন্তু উদ্বিগ্নতার সহিত লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু উপজেলায় বর্ণিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন না করায় প্রকল্পের ঋণ আদায় কার্যক্রম ব্যাহত হওয়াসহ মাঠ সংগঠক কর্তৃক অর্থ আত্মসাৎ/হস্ত মজুদের মতো ঘটনা ঘটছে। অনাকাঙ্ক্ষিত আর্থিক অনিয়ম প্রতিরোধ কল্পে প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাদের সতর্ক করাসহ বেশি বেশি সমিতি পরিদর্শনের জন্য ইতিপূর্বে একাধিকবার নির্দেশনা প্রদান করা হয়েছে। বর্ণিত নির্দেশনা প্রতিপালন না করায় কিছু কিছু উপজেলায় মাঠ সংগঠক কর্তৃক অর্থ আত্মসাৎ/হস্তমজুদ এর ঘটনা ঘটছে। প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাদের মাঠ পর্যায়ে তদারকীর অভাবে মাঠ সংগঠক কর্তৃক আত্মসাৎ/হস্ত মজুদের ঘটনা ঘটছে মর্মে প্রকল্প কর্তৃপক্ষের নিকট গোচরীভূত হয়েছে। তাই কোন উপজেলায় মাঠ সংগঠক কর্তৃক কোন অর্থ আত্মসাৎ/হস্তমজুদের ঘটনা পরিলক্ষিত হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট মাঠ সংগঠকসহ প্রকল্পের সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাকে সরাসরি চাকুরী হতে অব্যাহতি প্রদান করা হবে।


প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম
প্রকল্প পরিচালক (ইরেসপো)
বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৪

সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, (ইরেসপো)

উপজেলাঃ -----,

জেলাঃ-----।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ-----।
২. উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, উপজেলা.....জেলা.....।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৪. মাঠ সংগঠক (সকল) উপজেলা.....জেলা.....।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস কপি।